

‘আমরা দুই দিক থেকেই কষ্টে আছি’

চুয়েট সংবাদদাতা

০৯ জুলাই, ২০২৪
২০:৩৫

শেয়ার

অ +

অ -



সর্বজনীন পেনশন স্কিম সংক্রান্ত আন্দোলনে টানা আট দিন ধরে সর্বাঙ্গিক কর্মবিরতি পালন করছেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) শিক্ষকরা। ছবি: কালের কণ্ঠ

সর্বজনীন পেনশন স্কিম সংক্রান্ত আন্দোলনে টানা আট দিন ধরে সর্বাঙ্গিক কর্মবিরতি পালন করছেন চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) শিক্ষকরা। এদিন কর্মবিরতির পাশাপাশি অবস্থান কর্মসূচি পালনের সিদ্ধান্ত নেন তারা।

আজ মঙ্গলবার দুপুর ১১ টা থেকে চুয়েটের প্রি-ইন্জিনিয়ারিং ভবনের সামনে ১ ঘণ্টা অবস্থান কর্মসূচি পালন করেন চুয়েটের শিক্ষকেরা। এসময় তারা জানান, দাবি না মানা পর্যন্ত প্রতি কার্যদিবসেই তাদের এই অবস্থান কর্মসূচি অনুষ্ঠিত হবে।

গত ১৩ মার্চ অর্থমন্ত্রণালয় কর্তৃক জারিকৃত পেনশন সংক্রান্ত বৈষম্যমূলক প্রজ্ঞাপন প্রত্যাহার, অষ্টম জাতীয় বেতন স্কেল সংশোধনের আন্দোলনকালে প্রতিশ্রুত সুপার গ্রেডে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অন্তর্ভুক্তি এবং শিক্ষকদের জন্য স্বতন্ত্র বেতন স্কেল প্রবর্তনের দাবিতে শিক্ষক সমিতির এই আন্দোলন।

এ ব্যাপারে চুয়েট শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. জি.এম. সাদিকুল ইসলাম কালের কণ্ঠকে বলেন, আমাদের বর্তমান কর্মসূচির কারণে আমরা দুই দিক থেকেই কষ্টে আছি। একে তো আমরা সরকার থেকে আমাদের দাবি নিয়ে এখনো কোনো প্রকার পদক্ষেপ দেখতে পাই নি, অপরদিকে শিক্ষার্থীদের ক্লাস-পরীক্ষা বন্ধ রেখে শিক্ষক হিসেবে আমাদের মন ভারী হয়ে আছে।

তিনি আরো বলেন, আমরা আশা রাখি, সরকার দ্রুতই আন্দোলনে সাড়া দিয়ে আমাদের ন্যায্য দাবিগুলো পূরণ করবে।

তা নাহলে আমাদের কর্মবিরতি ও অবস্থান কর্মসূচি অব্যাহত থাকবে।